



আয়করে প্রবৃদ্ধি
দেশ ও দেশের সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৮ ঢাকা

সমৃদ্ধির সোনালী দিন
আনতে হলে আয়কর দিন

১২/১, বিজয়নগর (৩য় তলা) ঢাকা-১০০০।

Website: www.taxeszone8dhaka.gov.bd

অগ্রিম আয়কর

২০২১-২০২২ অর্থ বৎসরের (করবর্ষ-২০২২-২০২৩) জন্য আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৬৪ ধারা অনুযায়ী সম্মানিত করদাতাদের অগ্রিম আয়করের ২য় কিস্তি পরিশোধ সংক্রান্ত বিজ্ঞপ্তি

- ❖ যে সকল করদাতার সর্বশেষ নিরূপিত আয় ৬ (ছয়) লক্ষ টাকার বেশী তাঁদেরকে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী অগ্রিম আয়কর পরিশোধ করতে হবে।
- ❖ ২০২১-২০২২ অর্থ বৎসর (করবর্ষ-২০২২-২০২৩) এর জন্য ৪ (চার) কিস্তিতে প্রদেয় অগ্রিম আয়করের ২য় কিস্তি পরিশোধের শেষ তারিখ ১৫ ডিসেম্বর ২০২১।
- ❖ সংশ্লিষ্ট সার্কেলের **Deputy Commissioner of Taxes** এর অনুকূলে চালান/পে-অর্ডার অথবা ড্রসড চেকের মাধ্যমে অগ্রিম আয়কর পরিশোধ করতে হবে।
- ❖ চালান/পে-অর্ডারের মাধ্যমে সরাসরি জমার ক্ষেত্রে কোম্পানী করদাতাদের প্রদেয় অগ্রিম আয়কর ১-১১৪১-০০৩৫-০১০১ কোডে এবং ব্যক্তি করদাতাদের প্রদেয় অগ্রিম আয়কর ১-১১৪১-০০৩৫-০১১১ কোডে জমা করতে হবে।
- ❖ নির্ধারিত তারিখের মধ্যে অগ্রিম আয়কর পরিশোধ করা না হলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১২৫ ধারা অনুযায়ী প্রদেয় আয়করের সমপরিমাণ অংক জরিমানা এবং ৭০ ধারা অনুসারে ১০ শতাংশ হারে সরল সুদ আরোপ যোগ্য।
- ❖ সম্মানিত করদাতাগণকে নির্ধারিত তারিখে অথবা তার পূর্বে প্রদেয় অগ্রিম আয়কর পরিশোধ করে জরিমানা এবং সরল সুদ পরিহারের সুযোগ গ্রহণ করতে পরামর্শ প্রদান করা হচ্ছে।

প্রয়োজনে যোগাযোগ করুন :

অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-৮ ঢাকা	০২-২২৩৩৯০৮০৬
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-৮ ঢাকা	০২-২২৩৩৫৫২৩১
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রায়োগিক), কর অঞ্চল-৮ ঢাকা	০২-২২৩৩৫৫৩৬১